দৈনিক খবর

তারিখ 09 AUG 1988
পৃষ্ঠা ... ... ... কলাম ... ...

071

## মাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত টাস্ক ফোর্সের বৈঠক

মাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত টাস্কফোর্স গতকাল সোমবার শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ে এক বৈঠকে মিলিত হয়েছেন। এক সরকারী হ্যান্ডআউটে এ কথা বলা হয়। খবর বাসস'র।

[illegible]-এর পাতায় দেখুন

## মাধ্যমিক পরীক্ষা

*প্রথম পৃষ্ঠার পর*

মন্ত্রী পরিবর্তিত পরিস্থিতির সাথে সঙ্গতি রক্ষা করার জন্য মাধ্যমিক পর্যায়ের বর্তমান পরীক্ষা পদ্ধতি ঢেলে সাজানোর ওপর গুরুত্ব আরোপ করেন। এ ধরনের একটি সংস্কার বিদ্যমান পদ্ধতির ঘাটতি দূরীকরণে সাহায্য করবে।

পরীক্ষা পদ্ধতির ওপর ১৯৮৩ সালে টাস্কফোর্স একটি ব্যাপক সমীক্ষা চালায়। ডাঃ মাযহারুল হক টাস্কফোর্সের প্রধান ছিলেন। বৈঠকে টাস্কফোর্সের রিপোর্ট পর্যবেক্ষণ করে সিদ্ধান্ত নেয়া হয় যে, ১৯৮৯ সাল থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত অধিকতর বিজ্ঞানসম্মত পরীক্ষা পদ্ধতি কার্যকর করা হবে। বর্তমান বর্ণনামূলক প্রশ্নাবলীর পাশাপাশি উদ্দেশ্যমূলক প্রশ্নাবলী চালু করার মধ্য দিয়ে এ কর্মসূচী কার্যকর করা হবে।

নতুন সংস্কারমূলক কাঠামো ১৯৯২ সালের এসএসসি পরীক্ষায় অন্তর্ভুক্ত করা হবে।